

আইসিটিবিষয়ক অ্যাসাইনমেন্টসমূহ: ১০ মার্চ ২০২১ থেকে ১৭ মার্চ ২০২১ সময়কালের জন্য।

১। ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট থেকে চলতি মাসে ইস্যুকৃত কোনো চিঠি/প্রজ্ঞাপন ডাউনলোড করে তা নিজের ই-মেইল আইডি থেকে সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং মাস্টার ট্রেনারকে সেন্ড করতে হবে।

খ) ইন্টারনেট থেকে যেকোনো একটি বই ডাউনলোড করে মোবাইল/ল্যাপটপে 'ই-বুক' নামক folder-এ সংরক্ষণ করে রাখতে হবে।

গ) NCTB-র ওয়েবসাইট থেকে সকল শ্রেণির শারীরিক শিক্ষা বিষয়ের বই মোবাইল/ল্যাপটপে 'ই-বুক' নামক folder-এ সংরক্ষণ করে রাখতে হবে।

২। ক) জাতীয় তথ্য বাতায়ন থেকে বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পিরোজপুর, পটুয়াখালি, ভোলা জেলা সম্পর্কে জানতে হবে।

খ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন-এর ওয়েবসাইটে প্রবেশ করে বিভিন্ন পর্যটনকেন্দ্র সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে।

৩। ক) বিদ্যালয়ের ল্যাপটপে নিজের নামে একটি folder ক্রিয়েট করতে হবে। এই ফোল্ডারের ভিতরে আরও ৭টি folder ক্রিয়েট করতে হবে যেগুলোর নামকরণ হবে – প্রাক-প্রাথমিক শ্রেণি, ১ম শ্রেণি, ২য় শ্রেণি, ৩য় শ্রেণি, ৪র্থ শ্রেণি, ৫ম শ্রেণি এবং personal/ব্যক্তিগত নামে।

খ) Personal/ব্যক্তিগত folder-টির মধ্যে 'চাকুরিসংক্রান্ত তথ্য' নামে একটি file খুলে/তৈরি করে সেখানে নিজের বায়োডাটা ও চাকুরিসংক্রান্ত বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে হবে। এটি নিজেকেই বিদ্যালয়ের ল্যাপটপে কম্পোজ করে তৈরি করতে হবে।

গ) সংশ্লিষ্ট শিক্ষক যে শ্রেণির যে বিষয়ে পাঠদান করেন সেই বিষয়ের ডিজিটাল কন্টেন্টসমূহ সংশ্লিষ্ট শ্রেণিভিত্তিক folder-গুলোতে store করে রাখতে হবে।

NCTB প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পড়াসংক্রান্ত অ্যাসাইনমেন্টসমূহ: ১০ মার্চ ২০২১ থেকে ১৭ মার্চ ২০২১ সময়কালের জন্য।

সকল শ্রেণির শারীরিক শিক্ষা বিষয়ের বই পড়ে দেখতে হবে। শুরুতে পর্যায়ক্রমে সকল শ্রেণির শারীরিক শিক্ষা বিষয়ের বইয়ের সূচিপত্র একসাথে সামনে সাজিয়ে রেখে ১০ মিনিট গভীরভাবে পর্যবেক্ষণ করতে হবে যাতে পর্যায়ক্রমে উপরের শ্রেণিগুলোর ধারাবাহিকতা অনুধাবন করা যায়। এরপর relax mood-এ একবার thoroughly পড়ে গেলেই হলো (ধারাবাহিকভাবে নিচের শ্রেণি থেকে উপরের শ্রেণি)।

পড়ার সময় প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতাসমূহ (শারীরিক শিক্ষা বিষয়ের) এবং প্রাথমিক শিক্ষার লক্ষ্য যদি মাথায় থাকে তাহলে খুবই ভালো হয়। কারণ বিষয়বস্তুর কোন্ অংশটি কোন্ প্রান্তিক যোগ্যতা বা লক্ষ্যের সাথে সম্পর্কিত তা বুঝতে পারা খুব আনন্দের ব্যাপার।

লক্ষ্মণ কুমার দাশ
সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঝিনাইদহ।